# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 13-06-2025** **Time: 7.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) মহেশতলার ঘটনায় রাজ্যপাল সি ভি আনন্দ বোস, নিরপেক্ষ তদন্তের জন্য রাজ্য সরকারকে উদ্যোগী হতে বলেছেন। রাজ্যে বাঙালী হিন্দুদের শরণার্থীতে পরিণত করার চেষ্টা চলছে বলে বিজেপি অভিযাগ করেছে। মহেশতলার হিংসার ঘটনায় গ্রেপ্তার ৪১ জন।

২) আমেদাবাদে মর্মান্তিক বিমান দুর্ঘটনার তদন্ত শুরু করেছে বিমান দুর্ঘটনা তদন্ত ব্যুরো এএআইবি। ঘটনার উপযুক্ত তদন্তের দাবি জানিয়েছে বিভিন্ন রাজনৈতিক দল।

৩) নদীয়ার কালিগঞ্জে বিধানসভা উপনির্বাচনের ভোটকেন্দ্রে রাজ্য পুলিশ মোতায়েন না করার দাবি জানিয়ে বিজেপি রাজ্য নির্বাচন কমিশনে চিঠি দিয়েছে।

৪) কলেজে স্নাতক স্তরে ভর্তির জন্য অভিন্ন পোর্টাল আগামী ১৭ই জুন খুলবে।

৫) রাজ্যের বেশিরভাগ জেলাতেই আজ বজ্র বিদ্যুত্ সহ ঝড় বৃষ্টির পূর্বাভাস। রাজ্যের বিভিন্ন জেলায় অত্যধিক গরম ও তাপপ্রবাহের জন্য আজ ও আগামীকাল দুদিন স্কুল ছুটি দেওয়া হয়েছে।

---

রাজ্যপাল সিভি আনন্দ বোস দক্ষিণ ২৪ পরগণার মহেশতলায় সাম্প্রতিক হিংসা ও অশান্তির ঘটনায় নিরপেক্ষ তদন্তের জন্য রাজ্য সরকারকে উদয়োগী হতে বলেছেন। পাশাপাশি বিরোধীদের তোলা যাবতীয় অভিযোগ ও প্রস্তাব খতিয়ে দেখার আশ্বাস দিয়েছেন তিনি। গতকাল বিধানসভায় বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর নেতৃত্বে ৫০ জন বিজেপি বিধায়ক রাজভবনে গিয়ে রাজ্যপালের সঙ্গে দেখা করেন। তাঁরা রাজ্যপালের হাতে একটি স্মারকলিপি তুলে দেন। সেখানে ডায়মন্ড হারবারে আইনশৃঙ্খলার অবনতির প্রসঙ্গ তুলে ধরে অবিলম্বে হস্তক্ষেপের আর্জি জানানো হয়।

স্মারকলিপিতে কেন্দ্রীয় বাহিনী মোতায়েন, তদন্ত জাতীয় তদন্ত সংস্থার হাতে তুলে দেওয়া, রবীন্দ্রনগর থানার ওসি-কে গ্রেফতার এবং হিংসায় ক্ষতিগ্রস্তদের উপযুক্ত ক্ষতিপূরণ চেয়ে দাবি তোলা হয়েছে।

রাজ্যে বাঙালী হিন্দুদের শরণার্থীতে পরিণত করার চেষ্টা চলছে বলে বিজেপি অভিযাগ করেছে। গতকাল এক্স হ্যান্ডেলে দলের রাজ্য সভাপতি তথা কেন্দ্রীয় মন্ত্রী সুকান্ত মজুমদার অভিযোগ করেন, শাসকদলের প্রত্যক্ষ মদতে এই চক্রান্ত চলছে। মৌলবাদীরা যেভাবে হিন্দুদের ওপর আক্রমণ করছে, তাতে মুখ্যমন্ত্রীর নীরবতা ও তোষণের রাজনীতি নিয়ে প্রশ্ন তুলেছেন সুকান্তবাবু।

দক্ষিণ ২৪ পরগণার মহেশতলার ঘটনায় আক্রান্ত হিন্দুদের সঙ্গে দেখা করতে গতকাল সুকান্ত মজুমদার সহ বিজেপি নেতারা সেখানে যাওয়ার চেষ্টা করলে পুলিশ তাদের বাধা দেয়। এরপরই বিজেপি নেতারা কালীঘাটে মুখ্যমন্ত্রীর বাড়ির উদ্দেশে রওনা দেন। সেখানে পুলিশ তাদের গ্রেপ্তার করে। রাজ্যের সংখ্যাগরিষ্ঠ হিন্দুদের নিরাপত্তা সুনিশ্চিত করতে বিজেপি লড়াই করবে বলে সুকান্ত মজুমদার জানিয়েছেন।

বাইট

মহেশতলার ঘটনা নিয়ে **জনস্বার্থ মামলা** দায়ের করে জরুরী ভিত্তিতে শুনানির আবেদন জানান, বিরোধী দলনেতা। ডিভিশন বেঞ্চ মামলা দায়ের করার অনুমতি দিলেও, জরুরী ভিত্তিতে শুনানির আবেদন খারিজ করে দিয়েছে।

মহেশতলার ঘটনা নিয়ে বিরোধী দলের প্রতিবাদ কর্মসূচিকে কেন্দ্র করে রাজ্য **বিধানসভার** অধিবেশন গতকাল উত্তপ্ত হয়ে ওঠে। মুলতুবি প্রস্তাব এনে প্রধান বিরোধী দল বিজেপি, মুখ্যমন্ত্রী তথা পুলিশ মন্ত্রীর বিবৃতি দাবি করে। অধ্যক্ষ **বিমান** বন্দ্যোপাধ্যায় সেই দাবি খারিজ করে দিলে বিরোধী দলনেতা **শুভেন্দু** অধিকারীর নেতৃত্বে ওয়েলে নেমে বিক্ষোভ দেখাতে শুরু করেন বিরোধীরা। ঘন্টাখানেক পর বিজেপি বিধায়করা 'ওয়াক আউট' করেন।

মহেশতলায় পুলিশের ওপর হামলার অভিযোগে এপর্যন্ত ৪১ জনকে গ্রেপ্তার করা হয়েছে। মহেশতলা এলাকার সর্বত্র জারি রয়েছে ভারতীয় ন্যায় সংহিতার ১৬৩ নম্বর ধারা।

মহেশতলায় দুটি গোষ্ঠীর মধ্যে সংঘর্ষের প্রেক্ষিতে পরিস্থিতি নিয়ন্ত্রণ করতে পুলিশ ব্যর্থ বলে অভিযোগ করেছেন প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার। গতকাল সাংবাদিকদের কাছে তিনি বলেন, রাজ্যে দুষ্কৃতী, সমাজবিরোধীরা লাগাতার জনজীবন ব্যাহত করলেও সম্পূর্ণ নির্বিকার প্রশান। বিজেপি এবং তৃণমূল কংগ্রেস দুই পক্ষই সংঘর্ষের ঘটনায় রাজনৈতিক ফায়দা তোলার চেষ্টা করছে বলে তিনি অভিযোগ করেন।

------------------

আমেদাবাদ থেকে লন্ডনগামী এয়ার ইন্ডিয়ার বিমান দুর্ঘটনায় রাজ্যপাল সি ভি আনন্দ বোস গভীর মর্মবেদনা প্রকাশ করেছেন। এক বার্তায় তিনি আহতদের দ্রুত সুস্থতা কামনার পাশাপাশি ক্ষতিগ্রস্ত পরিবারগুলির প্রতি সমবেদনাও জানিয়েছেন।

শোক প্রকাশ করেছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। এক বার্তায় তিনি নিহতদের পরিবার বর্গের প্রতি সমবেদনা জানানোর পাশাপাশি সকলের সুস্থতাও কামনা করেন।

মর্মান্তিক এই দুর্ঘটনার প্রেক্ষিতে আজ দলের সাংগঠনিক কর্মসূচী স্থগিত রাখার সিদ্ধান্ত নিয়েছে বিজেপি। দলের তরফে গতকাল এই বার্তা দেওয়া হয়েছে। সরকার তদন্ত শুরু করেছে বলে রাজ্য সভাপতি সুকান্ত  মজুমদার জানিয়েছেন।

বাইট

আমেদাবাদে বিমান দুর্ঘটনার পূর্ণাঙ্গ তদন্তের দাবি জানিয়েছে কংগ্রেস। দলের প্রদেশ সভাপতি শুভঙ্কর সরকার বলেন, এই ধরনের দুর্ঘটনা যাতে না ঘটে তা সরকারকে দেখতে হবে।

তদন্তের দাবি জানিয়েছে সিপিআইএমও। দলের কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী দুর্ঘটনার পেছনে কোনোরকম ষড়যন্ত্র আছে কিনা, তা তদন্ত করে দেখার দাবি জানিয়েছেন।

বাইট

-----------------

উল্লেখ্য, আমেদাবাদে গতকাল মর্মান্তিক বিমান দুর্ঘটনায় ইতোমধ্যেই তদন্ত শুরু করেছে বিমান দুর্ঘটনা তদন্ত ব্যুরো – এএআইবি। অসামরিক বিমান চলাচল মন্ত্রী

রামমোহন নাইডু জানিয়েছেন, আন্তর্জাতিক বিমান চলাচল সংক্রান্ত সমস্ত নিয়মকানুন মেনেই তদন্তের কাজ চলবে। বিষয়টির গভীরে গিয়ে তদন্তের জন্য সরকার একটি উচ্চ পর্যায়ের বিশেষজ্ঞ কমিটি গঠন করছে বলেও মন্ত্রী জানান। দুর্ঘটনাগ্রস্ত বিমানটিতে মোট ২৪২ জন যাত্রী ছিলেন বলে ইতোমধ্যে জানা গেছে। নিহতদের মধ্যে রয়েছেন গুজরাটের প্রাক্তন মুখ্যমন্ত্রী বিজয় রূপানি। বিশ্বাস কুমার রমেশ নামে এক ব্রিটিশ যাত্রী প্রাণে রক্ষা পেয়েছেন। স্থানীয় হাসপাতালে তার চিকিৎসা চলছে।

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ গতকাল আমেদাবাদে ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি পর্যালোচনা করেছেন।

-----------------

বিজেপি কালিগঞ্জ বিধানসভা উপনির্বাচনে ভোট কেন্দ্রে রাজ্য পুলিশ মোতায়েন না করার দাবি জানিয়েছে। দলের রাজ্য সাধারণ সম্পাদক জগন্নাথ চট্টোপাধ্যায় ও বিজেপি নেতা শিশির বাজোরিয়া গতকাল রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের কাছে চিঠি দিয়ে এই দাবি জানান। পরে এক সাংবাদিক বৈঠকে বিজেপির রাজ্য সাধারণ সম্পাদক জগন্নাথ চট্টোপাধ্যায় বলেন, ইতিমধ্যেই উপনির্বাচনে ভোটকেন্দ্রে রাজ্য পুলিশ মোতায়েনের জন্য প্রশাসনের পক্ষ থেকে নির্দেশ জারি করা হয়েছে। রাজ্য পুলিশ থাকলে নির্বাচনী প্রক্রিয়া বিঘ্নিত হবার আশঙ্কা। পাশাপাশি অশান্তি এবং নির্বাচন অবাধ ও সুষ্ঠু হবে না। প্রয়োজনে অতিরিক্ত কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করে উপনির্বাচন করানোর জন্য দাবি জানানো হয়েছে বিজেপির পক্ষ থেকে।

নদীয়ার কালিগঞ্জ বিধানসভায় আগামী উনিশে জুনের উপনির্বাচনে তিনটি মডেল ভোট গ্রহন কেন্দ্র তৈরির সিদ্ধান্ত নেওয়া হয়েছে। চট্টগ্রাম কলোনী প্রাথমিক বিদ্যালয়ের ভোট গ্রহন কেন্দ্রটি ভিন্নভাবে সক্ষম ভোট কর্মীরা পরিচালনা করবেন। এ ছাড়াও এই

বিধানসভা কেন্দ্রের বিবেকানন্দ বিদ্যাভবনের দুইটি বুথ পরিচালনা করবেন মহিলা ভোট কর্মীরা ।

------------------

কলেজে স্নাতক স্তরে ভর্তির জন্য অভিন্ন পোর্টাল আগামী ১৭ জুন খুলবে। উচ্চ শিক্ষা দফতরের তরফে বিজ্ঞপ্তি জারি করে একথা জানানো হয়েছে। ওই দিন বিকেল ৪টে থেকে অভিন্ন পোর্টাল মারফত কলেজে ভর্তির আবেদনপত্র জমা দিতে পারবেন পড়ুয়ারা। ওবিসি সংরক্ষণ সংক্রান্ত মামলার কারণে ভর্তি প্রক্রিয়া শুরু করা যাচ্ছিল না বলে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু জানিয়েছিলেন।

উল্লেখ্য, গত বছর থেকে চালু হয়েছে ‘সেন্ট্রালাইজ়ড অ্যাডমিশন পোর্টাল’। এই পোর্টালের মাধ্যমে ১৭টি বিশ্ববিদ্যালয়, ৪৬০টি সরকারি এবং সরকারি সাহায্যপ্রাপ্ত কলেজ এবং উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে স্নাতক স্তরে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার সুযোগ পাবেন পড়ুয়ারা।

------------------

চাকরী ফেরতের দাবিতে গতকাল এসএসসি ভবন অভিযান করেন চাকরীহারা যোগ্য শিক্ষকদের একাংশ। বিধাননগর-করুণাময়ী থেকে জমায়েত হয়ে চাকরীহারা শিক্ষক-শিক্ষিকা এবং শিক্ষাকর্মীরা এসএসসি ভবন পর্যন্ত মিছিল করে যান। চেয়ারম্যান সিদ্ধার্থ মজুমদারের সঙ্গে সাক্ষাতের দাবি জানালেও, তিনি না থাকায় সাক্ষাৎ হয়নি। যদিও পরে বিকাশভবনে চাকরীহারাদের প্রতিনিধি দলকে বৈঠকের জন্য ডেকে পাঠান চেয়ারম্যান। আইনী পথে যোগ্যদের চাকরীতে পুনর্বহালের দাবি জানিয়েছেন

আন্দোলনকারীরা। পাশাপাশি নতুন নিয়োগ প্রক্রিয়ায় আবেদন পত্র গ্রহণের দিন পিছিয়ে দেওয়ারও দাবি জানানো হয়েছে।

-----------------

উত্তর ২৪ পরগনা সন্দেশখালি দুই ব্লকের জয়গোপালপুর যুব বিকাশ কেন্দ্রে গতকাল বিকশিত কৃষি সংকল্প অভিযানের আয়োজন করা হয়। কৃষি বিজ্ঞান কেন্দ্র , কেন্দ্রীয় পাট ও সহযোগী তন্তু গবেষণা কেন্দ্র, কলকাতার উদ্যোগে এই শিবিরে কৃষকদের আধুনিক প্রযুক্তি ও বিজ্ঞানকে ব্যবহার করে কৃষিকাজে কিভাবে উন্নতি করা যায় সে বিষয়ে অবহিত করা হয়। ড্রোন উড়িয়ে কৃষিকাজে এর ব্যবহার সম্পর্কে চাষিদের জানানো হয়।

ছিলেন রাজ্য প্রাণী ও মৎস বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক টি কে দত্ত, কেন্দ্রীয় পাট ও সহযোগী তন্তু গবেষণা কেন্দ্র, ব্যারাকপুরের অধিকর্তা ডক্টর গৌরাঙ্গ কর, ।

অনুষ্ঠানে শতাধিক মহিলা যোগ দেন।

-----------------

বাংলাদেশের সিরাজগঞ্জ জেলায় রবীন্দ্রনাথ ঠাকুরের ঐতিহাসিক কাছারিবাড়িতে একদল দুষ্কৃতি ভাঙচুর চালিয়েছে।

উল্লেখ্য, রবীন্দ্রনাথ ঠাকুরের স্মৃতি বিজড়িত এই বাড়িটিতে গত মঙ্গলবার কিছু উন্মত্ত জনতা দরজা-জানালা এবং আসবাবপত্র ভাঙচুর করে ।

-----------------

রবীন্দ্রনাথ ঠাকুরের বাংলাদেশের সিরাজগঞ্জের পৈতৃক ভিটেতে ভাঙচুরের ঘটনায় গভীর ক্ষোভ প্রকাশ করে ও তার প্রতিবাদ জানিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে  চিঠি দিয়েছেন। পাশাপাশি, প্রতিবেশী দেশের সরকারের কাছে এই ঘটনার জবাবদিহি চেয়ে আন্তর্জাতিক স্তরে কূটনৈতিক হস্তক্ষেপের আর্জিও জানিয়েছেন তিনি।

বিজেপি, রবীন্দ্রনাথ ঠাকুরের পৈত্রিক বাড়ির ওপর হামলার তীব্র নিন্দা করেছে। দলের মুখপাত্র সম্বিত পাত্র গতকাল বলেন, প্রবাদপ্রতীম মানুষটির বাড়িতে আক্রমণ পূর্বপরিকল্পিত।

বাইট

------------------

পূর্ব রেলের শিয়ালদা ডিভিশনের কালিনারায়নপুর  - শান্তিপুর সেকশনে চতুর্থ লাইন চালুর উদ্দেশে কালীনারায়নপুর স্টেশনে আজ রাত ৮ টা থেকে আগামী সোমবার ভোর  চারটে পর্যন্ত মোট ৫৬ ঘণ্টা Non - Interlocking কাজের  পরিকল্পনা নেওয়া হয়েছে। এই কারণে আজ এবং  শনিবার ওই সেকশন দিয়ে চলাচলকারী বেশ কিছু ট্রেনের সময় সূচি পরিবর্তন ও যাত্রা সংক্ষিপ্ত করা হচ্ছে বলে রেল সূত্রের খবর।

------------------

জলীয় বাষ্পের আধিক্য এবং দখিনা বায়ুর প্রভাবে উত্তরবঙ্গের জেলাগুলিতে আজ বজ্র বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে। দার্জিলিং, জলপাইগুড়ি, কালিম্পং, কোচবিহার, আলিপুরদুয়ার এবং উত্তর দিনাজপুর জেলায় দু একটি জায়গায় ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যাবার সম্ভাবনা।  গাঙ্গেয় পশ্চিমবঙ্গের দুই চব্বিশ পরগণা, দুই মেদিনীপুর, নদীয়া, ঝাড়গ্রাম, পুরুলিয়া ও বাঁকুড়ায় বজ্রবিদ্যুত সহ হালকা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে।  বয়ে যেতে পারে দমকা হাওয়াও।

কলকাতায় আজ দিনের সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে।

------------------

রাজ্যের বিভিন্ন জেলায় অত্যধিক গরম ও তাপপ্রবাহের জন্য আজ ও আগামিকাল দু'দিন স্কুল ছুটি দেওয়া হয়েছে। স্কুল শিক্ষা দপ্তর থেকে জারি নির্দেশিকায় বলা হয়েছে কয়েকটি জেলায় দাবদাহের কারণে সরকারি ও সরকার-পোষিত প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্কুলগুলিতে এই দু দিন পঠন-পাঠন বন্ধ থাকবে। তবে পার্বত্য এলাকার স্কুলগুলিকে এর বাইরে রাখা হয়েছে।

বিদ্যালয়গুলিতে আরও ২ দিন ছুটি বৃদ্ধি করায় বঙ্গীয় প্রাথমিক শিক্ষক সমিতির পক্ষ থেকে তীব্র প্রতিবাদ করা হয়। সমিতির সাধারণ সম্পাদক আনন্দ হাণ্ডা অভিযোগ করে বলেন, সরকার শিক্ষাকে ধ্বংস করার জন্যই ছুটি সংস্কৃতি চালু করেছে।

শিক্ষা দপ্তরের নোটিশে স্পষ্টতার চূড়ান্ত অভাব রয়েছে বলে শিক্ষানুরাগী ঐক্য মঞ্চ দাবি করেছে। মঞ্চের সাধারণ সম্পাদক কিংকর অধিকারী বলেন, দুদিন ছুটি ঘোষণা করা হলেও শিক্ষক-শিক্ষাকর্মীরা বিদ্যালয় আসবেন কিনা তা নিয়ে বিভ্রান্তি রয়েছে। বিভিন্ন জেলার পরিস্থিতি অনুযায়ী কিছুদিনের জন্য মর্নিং স্কুল চালু করার দাবি জানান তিনি।

------------------ ------------------